হওয়ার প্রয়োজন নেই; আগের সংস্করণগুলো ডেটাবেজে সংরক্ষিত রয়েছে, তাই কোন ক্ষতিই এখানে অপূরণীয় নয়। যদি কোনো নিয়ম আপনাকে উইকিপিডিয়ার উন্নয়ন করতে বাধা দেয় তবে তা উপেক্ষা করাই শ্রেয়।

কিছু প্রয়োজনীয় পাতা

- বাংলা উইকিপিডিয়ার প্রধান পাতা: http://bn.wikipedia.org
- নতুন নিবন্ধ শুরুর করতে দেখুন: http://bn.wikipedia.org/wiki/Help:Starting_a_new_page
- উইকিপিডিয়ায় লেখার মার্কআপের সাধারণ ধারণা নিতে দেখুন: http://bn.wikipedia.org/wiki/WP:CHEAT
- উইকিপিডিয়ার মার্কআপ সম্মন্ধে বিস্তারিত জানতে দেখুন: http://bn.wikipedia.org/wiki/WP:HOW

বাংলা উইকিপিডিয়ার সহপ্রকল্পসমূহ

উইকিঅভিধান	উইকিসংকলন	উইকিবই
http://bn.wiktionary.org	http://bn.wikisource.org	http://bn.wikibooks.org

দাবিত্যাগ

এখানে প্রকাশিত তথ্য উপাত্ত দ্বারা কেবলমাত্র সাধারণ তথ্য জানানো হয়েছে। এই তথ্যগুলি কোনো নির্দেশ নয়। পাঠককে অনুরোধ করা হচ্ছে এই তথ্যের উপর নির্ভর না করে ,কোনো প্রকার সিদ্ধান্ত নেবার আগে, অবশ্যই নিজে অনুসন্ধান করে নেবেন।এই বইয়ের লেখকগণ নির্ভরযোগ্য তথ্যসূত্র থেকে সর্বশেষ পাওয়া তথ্যের ভিত্তিতে প্রকাশ করেছেন, যদিও এই তথ্যের উপর কোনো প্রকার ভ্রম, বর্জন বা ফলাফলের জন্য গুরুদায়িত্ব গ্রহণ করা হবে না । যদি আপনার এই তথ্যের উপর কোনো প্রশ্ন থাকে তবে যোগাযোগ করুন। এখানে অনেক ওয়েবসাইটের লিঙ্ক দেওয়া হয়েছে এইটির নির্ভুলতা নিশ্চয়তা প্রদান করে না অথবা যেকোনো তথ্যের সম্পূর্ণতা নাও থাকতে পারে।

যোগাযোগ

দয়া করে আপনার জিজ্ঞাসা/প্রস্তাবনা/মতামত এখানে পাঠান **chapter@wikimedia.in**
লেখকগণ কলকাতা বাংলা উইকিমিডিয়ার পক্ষ থেকে জয়ন্ত নাথ, তানভির রহমান ও অর্ণব দত্ত।

বাংলা

উইকিপিডিয়া

একটি মুক্ত বিশ্বকোষ

bn.wikipedia.org

প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্ন
সম্পাদনা দিকনির্দেশনা ও সহায়িকা

উইকিমিডিয়া ভারত

প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্ন

☑ **উইকিপিডিয়া কি ?**

উইকিপিডিয়া হচ্ছে ইন্টারনেট ভিত্তিক ও বহুভাষী একটি উন্মুক্ত বিশ্বকোষ। বিশ্বের বিভিন্ন স্থানের লক্ষ লক্ষ স্বেচ্ছাসেবীর সহযোগিতামূলক কর্মকাণ্ডের মাধ্যমে এই বিশ্বকোষ লিখিত হয়েছে। যে-কেউ এখানে অবদান রাখতে পারেন বা সম্পাদনা করতে পারেন। ইংরেজি উইকিপিডিয়া হচ্ছে উইকিপিডিয়ার সবচেয়ে বড় সংস্করণ যেখানে ৪৫ লক্ষেরও বেশি নিবন্ধ আছে। অপরদিকে এনসাইক্লোপিডিয়া ব্রিটানিকার অনলাইন সংস্করণে নিবন্ধ সংখ্যা প্রায় ১ লক্ষ ২০ হাজার। উইকিপিডিয়ার এই বহুভাষী প্রকল্পটি বর্তমানে ভারতীয় উপমহাদেশের ২০টি ভাষাসহ বিশ্বের প্রায় ২৭৫ ভাষায় চালু রয়েছে। বাংলাও এর একটি। উইকিপিডিয়ার প্রতিটি নিবন্ধই তৈরি হয়েছে একাধিক স্বেচ্ছাসেবকদের স্বপ্রণোদিত ও সমবেত সম্পাদনা প্রক্রিয়ার মাধ্যমে।

“এ পৃথিবীর প্রত্যেকটি মানুষের কাছে, মানসম্পন্ন একটি মুক্ত বিশ্বকোষ তাঁর মাতৃভাষায় পৌঁছে দেবার প্রচেষ্টা হিসেবে এই বহুভাষীক বিশ্বকোষের জন্ম ও ছড়িয়ে পড়া”–উইকিপিডিয়ার সহ-প্রতিষ্ঠাতা জিমি ওয়েলস এভাবেই উইকিপিডিয়াকে বর্ণনা করেন। তাই জ্ঞান আহরণে উন্মুখ এমন সবার জন্যই উইকিপিডিয়া একটি আদর্শ স্থানে পরিণত হয়েছে।

উইকিপিডিয়া সারা বিশ্বের স্বেচ্ছাসেবকদের সহায়তামূলক কর্মকাণ্ডের মাধ্যমে তৈরি। ইন্টারনেট সংযোগ আছে এমন যে কেউ উইকিপিডিয়ার কোনো নিবন্ধে পরিবর্তন ও তথ্য সংযোজন করতে পারেন। ২০০১ সালে এটির শুরুর পর থেকে এর নিবন্ধ সংখ্যা অবিশ্বাস্য গতিতে বৃদ্ধি পেয়ে চলেছে। এটি এখন বিশ্বের অন্যতম বৃহত্তম তথ্যসূত্র বিষয়ক ওয়েবসাইট। বর্তমানে প্রতি মাসে প্রায় ৪০ কোটিরও বেশি ভিজিটর উইকিপিডিয়ার সাইট দেখেছেন। এখানে সদা- কর্মচঞ্চল অবদানকারীর সংখ্যা ৭৫, ০০০- এরও বেশি। যারা ২৬০টিরও বেশি ভাষায়, ১ কোটি ৩০ লক্ষেরও বেশি নিবন্ধের ওপর কাজ করছেন। বর্তমানে বাংলা উইকিপিডিয়ায় নিবন্ধ আছে ২২, ০০০- এর বেশি। প্রতিদিন হাজার হাজার থেকে শত শত মানুষ তথ্যসংগ্রহের জন্য উইকিপিডিয়াতে আসেন। তাঁরা গড়ে হাজারে দশটি করে সম্পাদনা করেন, এবং হাজারেরও বেশি নিবন্ধ প্রতিদিন উইকিপিডিয়া নামক এই বিশ্বকোষটিতে সংযুক্ত হয়।

☑ **আমি যে নিবন্ধটি লিখতে যাচ্ছি সে বিষয়ে কি আমার যথেষ্ট পরিমাণ জ্ঞান থাকা প্রয়োজন ?**

উইকিপিডিয়ায় লিখতে বিশেষ কোনো যোগ্যতার প্রয়োজন নেই। উইকিপিডিয়া হচ্ছে প্রতিষ্ঠিত ও প্রকাশিত জ্ঞানের সংগ্রহশালা, তাই নতুন কোনো গবেষণা (মৌলিক গবেষণা) এখানে প্রকাশ করা যায় না। অর্থাৎ, সকল বয়সের, সকল সমাজের ও সংস্কৃতির মানুষেরাই উইকিপিডিয়ায় লিখতে পারেন। ইন্টারনেট ব্যবহারের সুবিধা থাকলেই, এখানকার বেশির ভাগ নিবন্ধ সম্পাদনা করা যায়। শুধুমাত্র নিবন্ধের ওপরে “সম্পাদনা” ট্যাবে ক্লিক করলেই হবে। সবাইকে এখানে তথ্য যোগ করতে, যাচাইকৃত তথ্যসূত্র যোগ করতে উৎসাহিত করা হয়; যতক্ষণ তাঁরা কাজগুলো উইকিপিডিয়ার প্রচলিত নীতিমালা ও নির্দেশাবলীর ভেতরে থেকে, এবং একটি যথাযথ সৎ আদর্শকে সামনে

বাছবিচারহীন তথ্য রাখার স্থান নয়। উইকিপিডিয়া কোনো ওয়েব ডিরেক্টরিও নয়। উইকিপিডিয়া কোনো অভিধান, সংবাদপত্র, বা তথ্যসূত্র বিশিষ্ট ডকুমেন্ট যোগের স্থান নয়। এগুলো নিয়ে লেখার জন্য উইকিপিডিয়ার স্বতন্ত্র সহপ্রকল্প রয়েছে।

২. **উইকিপিডিয়া নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি অনুসরণ করে।** উইকিপিডিয়ার লেখার ধাঁচ বা টোন এমন হতে হবে যেন তা বিষয় সম্পর্কে নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি স্থাপন করে। বেশ কিছু ক্ষেত্রে এই নিরপেক্ষতা অর্জনের সবচেয়ে কার্যকর পদ্ধতিটি হচ্ছে বিভিন্ন মাধ্যমের দৃষ্টিভঙ্গি সম্পর্কে তথ্য যোগ করা। নিজের মতামত প্রদান লেখার নিরপেক্ষতা নষ্ট করে, তাই নিজের মতামতের পরিবর্তে বিশেষজ্ঞদের প্রকাশিত মতামত প্রদান করার চেষ্টা করুন। উদাহরণস্বরূপ বলা যায়, আপনি এভাবে লিখতে পারেন না–“প্রত্যেক শিশুকেই ছয়টি মারাত্মক রোগের টিকা প্রদান করা উচিত।” আপনার লেখা উচিত এভাবে, “বিশেষজ্ঞরা মতে, প্রত্যেক শিশুকেই ছয়টি মারাত্মক রোগের টীকা প্রদান করা উচিত।” সেই সাথে এই বাক্য নিরপেক্ষতা আনতে আপনি এর সমালোচকদের মতামতটিও উল্লেখ করতে পারেন এভাবে, “সমালোচকরা মতে, শুধু এই টিকাদান কর্মসূচির মাধ্যমে গণস্বাস্থ্যের উন্নতি সম্ভব নয়।” আর এই সকল তথ্য আপনি প্রদান করবেন রেফারেন্স বা তথ্যসূত্র যোগের মাধ্যমে। আর এই তথ্যসূত্রটি হতে হবে যাচাইযোগ্য।

৩. **উইকিপিডিয়া একটি উন্মুক্ত বিশ্বকোষ।** উইকিপিডিয়ায় যে-কেউ সম্পাদনা করতে পারেন, এবং যে-কেউ এখানকার লেখা মুক্তভাবে প্রকাশ বা বিতরণ করতে পারেন। সেই সাথে উইকিপিডিয়া কপিরাইটের ওপর শ্রদ্ধাশীল। তাই অন্যস্থান থেকে কপিরাইটকৃত লেখা এখানে যোগ করা যাবে না, তবে তথ্যসূত্র হিসেবে উল্লেখ করা যাবে। আরও খেয়াল করুন, উইকিপিডিয়ায় যখন আপনি লিখবেন, তখন আপনার লেখাটিও এই মুক্ত লাইসেন্সের অধীনে প্রকাশিত হবে। অর্থাৎ যে-কেউ আপনার লেখা তাৎক্ষণিকভাবে সম্পাদনা, প্রকাশ, বা পরিবর্তন করতে পারেন। উইকিপিডিয়ার সম্পাদকরা তাঁদের লেখা কোনো নিবন্ধের মালিকানাস্বত্ব সংরক্ষণ করেন না। সময়ের সাথে সকল নিবন্ধই সম্পাদিত ও সকল উদ্দেশ্যে বিতরণকৃত হতে পারে।

৪. **উইকিপিডিয়ানদের অবশ্যই পারস্পরিক সম্মান ও ভদ্রতা বজায় রাখা উচিত।** তাই উইকিপিডিয়ানদের সাথে আলোচনায় সব সময় পারস্পরিক সম্মান ও ভদ্রতা বজায় রাখুন, এমন কি যখন আপনি কোনো বিষয়ে দ্বিমত পোষণ করবেন তখনও। মতামত প্রকাশে শিষ্টাচার মেনে চলুন এবং সকল প্রকার ব্যক্তিগত আক্রমণ এড়িয়ে চলুন। সম্পাদনা নিয়ে যুদ্ধে লিপ্ত হওয়ার পরিবর্তে আপনার মতের সপক্ষে ঐকমত্য প্রতিষ্ঠার চেষ্টা করুন। মনে রাখবেন, উইকিপিডিয়ার হাজার হাজার নিবন্ধের কাজ এভাবেই পরিচালিত হয়ে আসছে। অন্য ব্যবহারকারীর ওপর আস্থা রাখুন (যদি না আপনার কাছে তা ভুল প্রমাণ করার মতো অকাট্য প্রমাণ থাকে) । নিজের মতামত খোলাখুলিভাবে প্রকাশ করুন, তবে কোনো বিষয়কে সুস্পষ্ট করার কাজে বাধা প্রদান করবেন না। সবসময় উদার ও স্বাগতম মূলক মনোভাব বজায় রাখুন।

৫. **উইকিপিডিয়ার কোনো কঠোর নিয়মকানুন নেই।** উইকিপিডিয়ার নিয়ম নীতি পাথরে খোদাইকৃত কোন স্থায়ী নিয়ম নয়। সত্যিকার অর্থে, নিয়মের অন্তর্নিহিত অর্থ নিয়মের চেয়েও ভাল ফল দেয়। নিবন্ধ সম্পাদনায় সাহসী হোন এবং ভুল করার ব্যাপারে উদ্বিগ্ন হবেন না। আপনার প্রচেষ্টা নিখুঁত

উইকিমিডিয়া প্রকল্পের জন্য একত্রীকরণ করা। আপনি লগইন করার পর "আমার পছন্দ" মেনুতে গিয়ে কাজটি করতে পারেন। এ বিষয়ে বিস্তারিত জানতে দেখুন মেটা-উইকির সাহায্য পাতা: http://meta.wikimedia.org/wiki/SUL

☑ **আপনাদের সাথে যোগাযোগের উপায় কি? গুগল ও ইয়াহু মেইলিং লিস্টের মতো বাংলা উইকি-প্রকল্পগুলো নিয়ে আলোচনার জন্য কি কোনো ই-মেইল লিস্ট রয়েছে? আমি কি বাংলা উইকির উইকিপিডিয়ানদের সাথে সরাসরি যোগাযোগ বা চ্যাট করতে পারি?**

হ্যাঁ। বাংলা উইকিপিডিয়া প্রকল্পসমূহের জন্য এর নিজস্ব মেইলিং লিস্ট রয়েছে। আপনি বাংলা উইকিপিডিয়া ও অন্যান্য প্রকল্পের সাথে সক্রিয় স্বেচ্ছাসেবীদের সাথে এই মেইলিং লিস্টে যোগাযোগ করতে পারেন। এজন্য https://lists.wikimedia.org/mailman/listinfo/wikimedia-in-wb পাতাটি পরিদর্শন করুন। এখানে আপনি লিস্টে সাবস্ক্রাইব করার প্রয়োজনীয় নির্দেশনা পাবেন। এছাড়া আপনি সরাসরি wikimedia-in-wb@lists.wikimedia.org-এ ই-মেইলও করতে পারেন।

সরাসরি সাহায্য ও আলোচনার জন্য বাংলা উইকিমিডিয়া প্রকল্পগুলোর একটি নিজস্ব আইআরসি চ্যানেলও রয়েছে। যেখানে আপনি লগইন করে যে-কোনো সময় সেখানে থাকা স্বেচ্ছাসেবীদের কাছে সাহায্য চাইতে বা আপনার প্রশ্ন রাখতে পারেন। আইআরসি-তে চ্যাট করা খুবই সহজ, নতুন অ্যাকাউন্ট খোলা বা রেজিস্ট্রেশনের ঝামেলা নেই, এমন কি ওয়েবভিত্তিক ক্লায়েন্টের মাধ্যমে তাৎক্ষণিকভাবেই চ্যানেলে প্রবেশ করা যায়। আমাদের আইআরসি ঠিকানাটি নিচে দেওয়া হলো:

- সার্ভার: irc.freenode.net
- চ্যানেল: #wikipedia-bn

এছাড়াও আরও সাহায্যের জন্য আমাদের সাহায্য সূচির পাতাটি দেখুন: http://bn.wikipedia.org/wiki/Help:Contents

উইকিপিডিয়ার নীতিমালা

একটি মান সম্পন্ন বিশ্বকোষ তৈরির উদ্দেশ্যে উইকিপিডিয়ার সম্পাদক বা অবদানকারীরাই আলোচনা ও ঐকমত্যের মাধ্যমে কিছু নিয়মকানুন তৈরি করেছেন ও তা মেনে চলার চেষ্টা করেন। উইকিপিডিয়ায় অবদান রাখার জন্য প্রথমেই এর সকল নিয়মগুলো সম্পর্কে জ্ঞাত হওয়া কোনো শর্ত নয়। এসব নিয়ম উইকিপিডিয়ায় অবদান রাখার মাধ্যমেই আপনি ক্রমান্বয়ে জেনে যাবেন। তবে উইকিপিডিয়া মূল পাঁচটি নীতিমালা রয়েছে, যা পঞ্চস্তম্ভ নামে পরিচিত। সেটি জেনে রাখাটা জরুরী, কারণ উইকিপিডিয়ার অন্য সকল নীতিমালা এই পঞ্চস্তম্ভকে ভিত্তি করেই গড়ে উঠেছে। নিচে উইকিপিডিয়ার পঞ্চস্তম্ভ সম্পর্কে একটি ছোট ধারণা দেওয়া হলো:

১. উইকিপিডিয়া একটি অনলাইন বিশ্বকোষ। উইকিপিডিয়া একটি ইন্টারনেট ভিত্তিক বিশ্বকোষ। তাই কাগজে মুদ্রিত সাধারণ বিশ্বকোষ থেকে শুরু করে বিশেষায়িত বিশ্বকোষের উপাদানও এখানে স্থান পায়। এটি নিজস্ব মতামত, বিজ্ঞাপন, অনুল্লেখ্য বিষয় সম্পর্কে তথ্য, গণতন্ত্র স্থাপন, বা

কাজগুলো করেন। আদর্শহীন বা বিতর্কিত তথ্য মুছে ফেলার বিষয়। তবে নতুন কোনো ব্যবহারকারীকে উইকিপিডিয়ায় তথ্যযোগের বা উন্নয়নের ক্ষেত্রে ভুলের ব্যাপারে চিন্তিত হওয়ার প্রয়োজন নেই, কারণ অন্যান্য ব্যবহারকারীরা পরামর্শ প্রদানের মাধ্যমে বা সুনির্দিষ্ট ভুল তথ্য মুছে ফেলার মাধ্যমে উইকিপিডিয়ার উন্নয়নের এই গতিকে অব্যাহত রাখেন। এছাড়া উইকিপিডিয়ার সফটওয়্যার এমনভাবে ডিজাইন করা হয়েছে যেন ভুলক্রমে হওয়া কোনো সম্পাদনা তাৎক্ষণিকভাবে আবারও তার আগের মূল অবস্থানে ফিরিয়ে নেওয়া যায়।

☑ **উইকিপিডিয়ায় কি লেখা যাবে, এবং কি যাবে না সে বিষয়ে কি কোনো দিকনির্দেশনা আছে?**

আপনি যে-কোনো বিষয় সম্পর্কে উইকিপিডিয়ায় নিবন্ধ লিখতে পারবেন। কিন্তু তার আগে কিছু বিষয় নিশ্চিত করা প্রয়োজন। যেমন: যে বিষয় নিয়ে লিখবেন, সেই বিষয়টির বিশ্বকোষের অন্তর্ভুক্ত হওয়ার মতো উল্লেখযোগ্যতা থাকতে হবে, প্রয়োজনীয় তথ্যসূত্র যোগের মাধ্যমে সেই উল্লেখযোগ্যতা প্রমাণ করতে হবে, এবং লেখার বিষয়বস্তু এবং ধাঁচ বা টোন বিশ্বকোষীয় হতে হবে। লেখার স্টাইলের বিষয়ে উইকিপিডিয়ার নিজস্ব ও সুনির্দিষ্ট দিকনির্দেশনা ও নীতিমালা রয়েছে, যা এ বিষয়গুলো সম্পর্কে আপনার ধারণা পরিষ্কার হতে সাহায্য করবে।

☑ **আমার শুরু করা নিবন্ধটিতে অনেক মানুষই সম্পাদনা করেছে, কেন?**

যেহেতু উইকিপিডিয়ার কাজ একটি চলমান প্রক্রিয়া এবং এর নীতিমালা অনুযায়ী যে কেউ এখানে অবদান রাখতে পারেন, তাই এটি গুরুত্বগতভাবে প্রকাশিত তথ্যসূত্র থেকে ভিন্ন। নির্দিষ্ট করে বলতে গেলে পুরনো নিবন্ধগুলো নতুনগুলো থেকে অনেক সমৃদ্ধ এবং ভারসাম্যপূর্ণ, যেখানে নতুনগুলোতে কিছু সমস্যার উপস্থিতি লক্ষণীয়। যেমন: প্রয়োজনীয় তথ্যের অভাব, অবিশ্বকোষীয় উপাদান বা ধ্বংসপ্রবণ বিষয়বস্তুর উপস্থিতি। ব্যবহারকারীদের তাই নতুন যোগকৃত বা যেসকল ভুল তথ্য এখনো মুছে ফেলা হয়নি, সেগুলো সম্বন্ধে সচেতন হওয়ার প্রয়োজন আছে। আবার, উইকিপিডিয়ার তথ্য প্রতিনিয়ত হালনাগাদ করা সম্ভব, যা প্রকাশিত বিশ্বকোষে সম্ভব নয়। অর্থাৎ, উইকিপিডিয়ায় বিশ্ব পরিক্রমার সাথে তাল মিলিয়ে, প্রকাশিত বিশ্বকোষের মাস বা বছরের তুলনায়; ঘণ্টা, মিনিট, এমন কী সেকেন্ডের ব্যবধানেও নিবন্ধ তৈরি এবং তথ্য হালনাগাদ করা যায়।

উইকিপিডিয়ার কোনো নিবন্ধ কোনো নির্দিষ্ট ব্যক্তির অধিকারে থাকে না। এটি একটি সহযোগিতামূলক প্রকল্প। এখানে কেউই নিবন্ধের সম্পূর্ণ বা কোনো নির্দিষ্ট অংশের ওপর তাঁর অধিকার দাবি করতে পারেন না। একটি নিবন্ধে সবসময়ই সংযোজন, বিয়োজন, বা পরিবর্তন চলতে পারে। উইকিপিডিয়ার নিজস্ব কিছু সম্পাদনা নীতি রয়েছে যার মাধ্যমে এই সম্পাদনাটি যে উইকিপিডিয়ার সাথে সামঞ্জস্যপূর্ণ ও গঠনমূলক হচ্ছে তা নিশ্চিত করা হয়।

☑ **কারা উইকিপিডিয়ায় অবদান রাখেন?**

যার ইন্টারনেট ব্যবহারের সুবিধা আছে, তিনিই উইকিপিডিয়ায় অবদান রাখতে পারেন। আর এভাবেই উইকিপিডিয়ার এই বিশাল নিবন্ধ সংগ্রহ গড়ে উঠেছে। উইকিপিডিয়ার সকল সংস্করণে, বিখ্যাত-অখ্যাত মিলিয়ে প্রায় ৭৫,০০০ সম্পাদক প্রতিদিন উইকিপিডিয়ায় কাজ করেন, এবং এই অভিজ্ঞ সম্পাদকগণ, স্বীকৃত বিশ্বকোষীয় ধাঁচে উইকিপিডিয়ায় বিষয়বস্তু যোগ ও সম্পাদনা করে

যাচ্ছেন। আর এজন্য তাঁরা রচনাশৈলীর নির্দেশনাকে সম্পাদনা নীতি হিসেবে অনুসরণ করছেন।

উইকিপিডিয়ায় অবদান রাখার সময় অবদানকারীরা তাঁদের কাজের ক্ষেত্রে গুরুত্বের সাথে যে বিষয়টির চর্চা করেন, তা হচ্ছে ভদ্রতা। সম্পাদকগণের কাজের সুবিধার্থে প্রযুক্তি-জ্ঞানসম্পন্নরা বিভিন্ন কাজে সম্পাদকদের সাহায্য করেন ও ক্ষতিকর সম্পাদনা দূর করতে প্রয়োজনীয় প্রোগ্রাম লেখেন। বর্তমানে বাংলা উইকিপিডিয়ায় ৯ জন প্রশাসক আছেন, যারা বিশেষ অধিকারপ্রাপ্ত ও তাঁরা তাঁদের এ অধিকার উইকিপিডিয়ার সুরক্ষায় প্রণীত প্রচলিত ও গৃহীত নীতিমালা ও নির্দেশাবলীর আওতায় প্রয়োগ করছেন। যেখানে কোনো তথ্য নিয়ে বা তথ্যের সত্যতা, বিশ্বাসযোগ্যতা, বা নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন ওঠে; সেখানে সম্পাদকগণ একত্রে ঐ বিষয়ের বিশেষজ্ঞের উপস্থিতি, বা যথোপযুক্ত তথ্যসূত্র প্রয়োগের সাপেক্ষে সঠিক তথ্যটি উপস্থাপনে সচেষ্ট হন। ভদ্রতা ও শিষ্টাচার না মেনে কেউ তাঁর সম্পাদনার কাজ বার বার চালিয়ে যেতে থাকলে একজন প্রশাসক তাঁকে সাময়িক বা স্থায়ীভাবে সম্পাদনায় বাধা-প্রদান করতে পারেন।

যদিও উইকিমিডিয়া ফাউন্ডেশন এই ওয়েবসাইটের স্বত্বাধিকারী, কিন্তু প্রকৃতপক্ষে এই সংগঠনটি এর লেখালেখি, ব্যবস্থাপনা ও দৈনন্দিন কর্মকাণ্ডে খুব অল্পই ভূমিকা রাখে।

☑ আমি কেন উইকিপিডিয়ায় নিবন্ধ লিখবো? এর মাধ্যমে আমি কি কি সুবিধা পাবো ?

আমরা বিভিন্ন সময়ে, বিভিন্ন উৎস থেকে তথ্য ও জ্ঞান আহরণ করি। সেটি হতে পারে বই, সংবাদপত্র, বা কোনো সাধারণ ওয়েবসাইট থেকে। এই তথ্য ও জ্ঞান সবার সাথে ভাগাভাগি করা আমাদের একটি সামাজিক দায়িত্ব। সময়ের সাথে সাথে মানব সভ্যতার বিভিন্ন তথ্য ও জ্ঞান হারিয়ে গেছে, কারণ সেটি কোথাও সংরক্ষণ করা হয়নি। আর উইকিপিডিয়ার মাধ্যমে আমরা সবার সাথে এই জ্ঞান ও তথ্য ভাগাভাগি করছি, এবং আগামী প্রজন্মের জন্য আমরা তা সংরক্ষণও করছি।

সবার সাথে তথ্য ও জ্ঞান ভাগাভাগি করা ও এর মাধ্যমে দেশ ও ভাষাভাষীর মানুষের, ও সর্বোপরি পুরো মানবজাতির জন্য ভালো কিছু করার কিছু করার আনন্দ ও তৃপ্তি-ই হচ্ছে উইকিপিডিয়ার সম্পাদকদের প্রাপ্তি। জ্ঞানের বিস্তৃতি একমাত্র এর ভাগাভাগির মাধ্যমেই সম্ভব। আমরা আজকে যে জ্ঞান ও তথ্য পাচ্ছি, তা এজন্যই পাচ্ছি, কারণ অগণিত মানুষ এগুলো নিয়ে ভেবেছেন ও নিজেদের মাঝে সেগুলো নিয়ে কাজ করছেন।

যেহেতু উইকিপিডিয়ার অবদানকারীরা সবসময়ই উইকিপিডিয়ার এই জ্ঞানভাণ্ডারকে সমৃদ্ধ ও হালনাগাদ করে চলেছেন, তাই আমরা প্রায় সময়ই ইন্টারনেটের অন্য যে-কোনো ওয়েবসাইটের চাইতে উইকিপিডিয়ায় তুলনামূলক ভাবে বেশি পরিমাণে সুসংহত ও কার্যকর তথ্য পেয়ে থাকি। উইকিপিডিয়ায় নিবন্ধ লেখার জন্য অবদানকারীকে প্রথমে কী লিখতে হবে তা জানতে হয়, ক্ষেত্র বিশেষে সেটি নিয়ে কিছু পড়াশোনাও করতে হয়, যা অবদানকারীর নিজের জ্ঞানভাণ্ডারকেও সমৃদ্ধ করে। এছাড়াও ঐ বিষয় সম্পর্কে জানেন এমন অনেকেই ঐ নিবন্ধে অবদান রাখেন। তাঁরা প্রয়োজনীয় তথ্য সংযোজন, বিয়োজন, সংশোধন, বা পরিমার্জন করেন। এর ফলে ক্রমান্বয়ে নিবন্ধটি আরও বেশি সমৃদ্ধ ও পাঠকের কাছে আরও বেশি সহজবোধ্য হয়ে ওঠে। এছাড়া নিবন্ধটির বিষয়ে লিখতে গিয়ে অন্যান্য ব্যবহারকারীর সাথে আলোচনার মাধ্যমেও আপনার জ্ঞানভাণ্ডার সমৃদ্ধ হয়। অর্থাৎ আমরা দেখতে পাচ্ছি, উইকিপিডিয়ায় অবদান রাখার মাধ্যমে আপনি বিভিন্ন উপায়ে

আপনার জ্ঞান ও তথ্যভাণ্ডারকে সমৃদ্ধ করতে পারছেন।

☑ উইকিপিডিয়ায় লেখালেখি করলে আমি কী কোনো অর্থনৈতিক সুবিধা লাভ করবো ?

না, উইকিপিডিয়ায় অবদান রাখার জন্য আপনি কোনো প্রকার অর্থনৈতিক সুবিধা পাবেন না। তবে এখানে অবদান রাখলে আপনি যে সুবিধাটি পাবেন তা একটি প্রবাদ দ্বারা সুন্দরভাবে প্রকাশ করা যায়–"ঘূর্ণায়মান পাথরে কখনও শেওলা জন্মায় না।" অর্থাৎ এখানে অবদান রাখার মাধ্যমে আপনি জ্ঞানের চর্চা ও প্রাপ্ত জ্ঞান ভাগাভাগি করবেন। এটি আপনার জ্ঞানভাণ্ডারকে সমৃদ্ধ রাখার একটি সুন্দর ও কার্যকর মাধ্যম। কারণ অনেক ক্ষেত্রে শুধুমাত্র চর্চার অভাবে আমরা আমাদের অনেক প্রয়োজনীয় তথ্য ভুলে যাই।

☑ উইকিপিডিয়ার বাইরে আর কী ধরনের উইকি প্রকল্প রয়েছে ?

উইকিপিডিয়া প্রকল্পের দারুণ সফলতার হাত ধরে উইকিমিডিয়া ফাউন্ডেশন পরবর্তীতে ক্রমান্বয়ে আরও কিছু উইকিপ্রকল্প চালু করে। এই প্রকল্পগুলো জ্ঞানের আরও কিছু শাখাকে উপস্থাপন করছে। এর মধ্যে আছে অভিধানভিত্তিক প্রকল্প উইকিঅভিধান, যা একটি বহুভাষীক মুক্ত অভিধান তৈরির প্রকল্প। আরও আছে উইকিসংকলন, যা মুক্ত লাইসেন্সের অধীনে প্রকাশিত বইয়ের পাঠাগার। আছে উইকিবই, যা স্বেচ্ছাসেবীদের দ্বারা লিখিত পাঠ্যবই, ও ম্যানুয়ালের সংগ্রহ। এই প্রকল্পগুলো বর্তমানে বাংলা ভাষায় চালু আছে। এছাড়াও ইংরেজি ও আরও কিছু ভাষায় আরও কয়েকটি প্রকল্প চালু রয়েছে, যার মধ্যে আছে, মুক্ত সংবাদ উৎস–উইকিসংবাদ। আছে উইকিউইক্তি, যা বিভিন্ন বিখ্যাত উক্তির অনলাইন সংগ্রহ। উইকিবিশ্ববিদ্যালয় বা উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। এছাড়াও আছে বহুভাষীক প্রকল্প উইকিমিডিয়া কমন্স, যা আদতে উন্মুক্তভাবে প্রকাশিত বিভিন্ন ধরনের শিক্ষামূলক ও তথ্যবহুল ছবি ও ভিডিওর একটি সংগ্রহ।

☑ উইকিপিডিয়ায় লেখালেখির বিষয়ে আমার কোনো সন্দেহ বা দ্বিধা থাকলে আমি কার সাথে যোগাযোগ করবো ?

আপনার বেশিরভাগ প্রশ্নের উত্তরই আমাদের বিভিন্ন তথ্যবহুল প্রকল্প ও সাহায্য পাতাগুলোতে পাবেন। এছাড়াও আপনি যে-কোনো সময় যে-কোনো সমস্যায় বাংলা উইকিপিডিয়ায় কাজ করছেন এমন যে-কোনো সক্রিয় ব্যবহারকারীর কাছে আপনার প্রশ্নটি রাখতে পারেন। এ জন্য আপনাকে ঐ ব্যবহারকারী আলাপ পাতায় প্রশ্ন রাখতে হবে। আপনি উইকিপিডিয়াতে অ্যাকাউন্ট করলে আপনার কাছে একটি স্বাগতম বার্তা আসবে, যেখানে উইকিপিডিয়ায় অবদান রাখতে সাহায্য করবে এমন বেশ কিছু পাতার লিংক থাকবে, সেই সাথে স্বাগতম প্রদানকারীর আলাপ পাতার লিংক বা কোথায় প্রশ্ন রাখতে হবে সে বিষয়েও প্রয়োজনীয় দিকনির্দেশনা থাকবে। এছাড়া নিচে আমাদের সাথে যোগাযোগের ব্যাপারে বিস্তারিত বলা হয়েছে।

☑ আমি ইংরেজি উইকিপিডিয়ায় একটি অ্যাকাউন্ট করেছি। আমি কী ঐ একই আইডি বাংলা উইকিপিডিয়ায় ব্যবহার করতে পারবো ?

হ্যাঁ, অবশ্যই। এজন্য শুধুমাত্র আপনাকে যা করতে হবে, তা হচ্ছে আপনার অ্যাকাউন্টটি সকল